

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৬১
আগরতলা, ৫ মার্চ, ২০২০

করোনা ভাইরাস : অযথা আতঙ্কিত হবার কোনও কারণ নেই

রাজ্যে করোনা ভাইরাসের সংক্রমণ ও রোগীর সন্ধান পাওয়ার গুজব ছড়ানোর বিষয়টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস বিষয়ে সচেতনতা অবশ্যই জরুরী। কিন্তু এ নিয়ে গুজব ছড়ানো ও অযথা আতঙ্কিত হবার কোনও কারণ নেই। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা মেনে সমস্ত ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। আমাদের রাজ্যে ১৫ জানুয়ারী, ২০২০ সালের পর করোনা ভাইরাস আক্রান্ত দেশগুলোতে যাঁরা ভ্রমণ করেছেন, তাঁদের ক্ষেত্রে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে নজরদারি রাখা হচ্ছে। আজকের দিনে যাঁরা আক্রান্ত দেশগুলিতে ভ্রমণ করেছেন বা ঐ দেশগুলির ভ্রমণকারীদের সংস্পর্শে এসেছেন এর মধ্যে এক জনের ক্ষেত্রে বিশেষ নজরদারী রাখা হচ্ছে। কিন্তু তাঁর শরীরে এখন পর্যন্ত করোনা ভাইরাসের সন্ধান পাওয়া যায়নি। দপ্তরের পক্ষ থেকে অযথা গুজব না ছড়াতে এবং গুজবে কান না দিতে এবং যে কোনও ধরনের সন্দেহ দেখা দিলে চিকিৎসক কিংবা স্বাস্থ্য প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানানো হচ্ছে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তর থেকে আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।
